দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বোরকা পরে ঢোকায় ক্লাস থেকে বের করে দেওয়া হলো পাঁচ শিক্ষার্থীকে

■ কালকিনি (মাদারীপুর) সংবাদদাতা

বোরকা পরিধান করে ক্লাসে ঢোকায় মাদারীপুরের কালকিনি মডেল পাইলট উচ্চবিদ্যালয়ের পাঁচ শিক্ষার্থীকে একই সঙ্গে শ্রেণিকক্ষ থেকে বের করে দেয়া হয়েছে বলে খবর পাওয়া গেছে। মঙ্গলবার সকালে এ অভিযোগ করেছেন ওই শিক্ষার্থীদের অভিভাবকরা।

অভিযোগ সুত্রে জানা গেছে, কালকিনি মডেল পাইলট উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আজাদ হোসেন দশম শ্রেণির গণিত ক্লাস নিতে যান। এ সময় তিনি ক্ষিপ্ত হয়ে ক্লাসে বোরকা পরিহিত ছাত্রী রাইমা, জান্নাত, রুমি, সুমি ও মৌসুমী আক্তারকে ক্লাস থেকে বেড় করে দেন। বিষয়টি সংশ্লিষ্ট অভিভাবকরা স্কুল কর্তৃপক্ষকে অবহিত করেন। এ ব্যাপারে ভুক্তভোগী শিক্ষার্থীরা জানায়, তার কাছে প্রাইভেট না পড়ায় বোরকা পরায় ওজুহাত দেখিয়ে ওই শিক্ষক তাদের শেণিকক্ষ থেকে বের করে দেন।

অভিযুক্ত শিক্ষক আজাদ হোসেন বলেন, 'ক্লাস রুমে যা হয়, তা বাইরে যারা বলে, তারা ছাত্রী নামে কলঙ্ক।' প্রধান শিক্ষক এইচ এম নজরুল ইসলাম বলেন, 'আমি ওই শিক্ষককে এরই মধ্যে সতর্ক করে দিয়েছি, যাতে করে পুনরায় এ ঘটনা না ঘটে।'